

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১০.১৬(অংশ-১)-৩৮২


তারিখ : ২২ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
০৫ এপ্রিল, ২০১৬ খ্রিঃ।

বিষয় : শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলার ২ নং কুচাইপাট্টি ইউনিয়নের সীমানা নিয়ে দায়েরকৃত রীট পিটিশন নং-৩১৬৪/২০১১ এর সর্বশেষ অবস্থা জানানো প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জনাব মোঃ নাছির উদ্দিন স্বপন, গ্রাম-পশ্চিম চর বিশকাঠালী, পোঃ কুচাইপাট্টি, গোসাইরহাট, শরীয়তপুর স্থানীয় সরকার বিভাগে আবেদন করে জানান যে, শরীয়তপুর জেলার গোসাইরহাট উপজেলার কুচাইপাট্টি ইউনিয়ন পরিষদের নির্বাচন ২০০৩ সালের পরে ১৩ বছর যাবত হচ্ছেনা। কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে যে, উক্ত ইউনিয়নের সীমানা নিয়ে জটিলতা দেখিয়ে রীট পিটিশন নং-৩১৬৪/২০১১ দায়ের এর প্রেক্ষিতে উল্লিখিত ইউপি ২০১১ সালের নির্বাচনের তফসীল মহামান্য হাইকোর্ট কর্তৃক ৩ (তিন) মাসের জন্য স্থগিত ঘোষণা করা হয়। পরবর্তীতে ০২/০৮/২০১১ রীট পিটিশন নং-৩১৬৪/২০১১ এবং ৩১৭১/২০১১ উচ্চ আদালত কর্তৃক খারিজ করা হয় (সংযুক্তি-১)। বর্তমানে উক্ত ইউনিয়নের কোন সীমানা জটিলতা নেই বিধায় উল্লিখিত ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ নাছির উদ্দিন স্বপন, গ্রাম-পশ্চিম চর বিশকাঠালী, পোঃ কুচাইপাট্টি, গোসাইরহাট, শরীয়তপুর অনুরোধ জানিয়েছেন (সংযুক্তি-০২)।

০২। এমতাবস্থায়, জনাব মোঃ নাছির উদ্দিন স্বপন, গ্রাম-পশ্চিম চর বিশকাঠালী, পোঃ কুচাইপাট্টি, গোসাইরহাট, শরীয়তপুর এর আবেদনটি সংযুক্তিসহ এ সঙ্গে প্রেরণ করা হলো। আবেদনে উল্লিখিত রীট পিটিশন নং-৩১৬৪/২০১১ এর সর্বশেষ অবস্থা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

  
( শরীফা আহমেদ )  
সিনিয়র সহকারী সচিব  
☎ ৯৫৮৬৬০৫  
Email : [lgup1@lgd.gov.bd](mailto:lgup1@lgd.gov.bd)

উপসচিব, আইন-১ অধিশাখা  
স্থানীয় সরকার বিভাগ।  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

সহকারী প্রোগ্রামার

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।